

বোধপরীক্ষণ:-নোয়াখালি থেকে ফিরে মেয়েটি যেন কী হয়ে গেছে। হাসিখুশি তে ভরা, ফুলে ফুলে বেড়ানো প্রজাপতিটির মত সে একাই নয় যেন। মা, দিদি, ভাজ, সবাই ঠাট্টা করে বলে, বুড়ো নাকি বড্ড ভালোবাসতো তাই বুড়ি করে দিয়ে গেছে। ভাজ ঠাট্টা টা আর একটু শানিয়ে দিয়ে বলে কেন নিয়ে এলেন বাবা? টাঙিয়ে দিলেই পারতেন বুড়োর গলায়।

সত্যিই কী যে গুণ করে দিয়ে গেছে বুড়ো। সর্বদাই তার কথা মনে পড়ে মনটা বড্ড ভার হয়ে থাকে।

এষাদের এখানে কলকাতায় যেমন বাড়ি আছে, সেখানে গ্রামেও তেমনি আর একটি বাড়ি আছে সঙ্গে বাগান, পুকুর, মাঠ আর কলকাতার মত এত কাপড় জামা না পরা কত লোক, কত ভালো তারা। এষা এখন বড় হয়েছে, বাবা বলেন সাত বছর, মা বলেন সাত বছর পাঁচ মাস_ভারি তো জানো তুমি! এষা যখন খুকুর মত ছোট ছিল তখন গিয়েছিল একবার, একটু একটু মনে পড়ে পুকুর, মাঠ, বাগান, কী চমৎকার সব লোক! কী মিষ্টি না তাদের কথা!

বিষয়গত প্রশ্ন:-১ বাংলাদেশের একটি জায়গার নাম আছে সেটি কী? ২ এষাকে কোন পতঙ্গের সঙ্গে তুলনা করা হয়েছে?

৩ এষাদের গ্রামের বাড়ি ছাড়া আর কোথায় বাড়ি আছে? ৪ মায়ের অভিমত অনুযায়ী এষার বয়স কত? ৫ ব্যাকরণগত প্রশ্ন:-সমার্থক শব্দ লেখ:-পুকুর।